



তথ্যবিবরণী

নম্বর: ১০৩

রাসিকের পরিবেশ উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৫ অগ্রহায়ণ (২০ নভেম্বর) :

আজ বুধবার (২০ নভেম্বর) সকালে নগর ভবনে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) পরিবেশ উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন কমিটির আহ্বায়ক ও রাজশাহী পরিবেশ অধিদপ্তরের উপপরিচালক মো. কবির হোসেন।

সভায় রাজশাহী মহানগরীতে বৃক্ষরোপণ ও পরিচর্যার সার্বিক অবস্থা পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়াও শীতকালীন মৌসুমী ফুল গাছ রোপণ, শীতকালীন গাছের পরিচর্যায় পর্যাপ্ত পানি ছিটানো ও গুরুত্বপূর্ণ সড়কে ধুলাবালি রোধে পানি ছিটানো এবং নতুন নতুন সড়কে প্রয়োজনীয় সংখ্যক গাছ রোপণে সরকারি হটিকালচার সেন্টারসমূহ থেকে গাছের চারা সংগ্রহ করার বিষয়ে আলোচনা করা হয়।

এছাড়াও নগরীর গুরুত্বপূর্ণ সড়কসহ বিভিন্ন জায়গায় আগামী বছর গাছের চারা রোপণের কর্মপরিকল্পনা তুলে ধরা হয়। নগরীর বিনোদন কেন্দ্র ও নদীর ধারে গাছের চারা রোপণ ও তা পরিচর্যায় সংশ্লিষ্টদের আরও দায়িত্বশীল ভূমিকা রাখার আহ্বান জানানো হয়।

সভায় অন্যান্যের মধ্যে রাজশাহী সামাজিক বন বিভাগের সহকারী বন সংরক্ষক মো. মেহেদীজ্জামান, রাজশাহী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডের সহকারী বিদ্যালয় পরিদর্শক মো. আব্দুস সালাম, রাসিকের ভাণ্ডার কর্মকর্তা মো. আহসান হাবিব, সহকারী জনসংযোগ কর্মকর্তা মো. রকিবুল হক তুহিন, কমিটির সদস্য সচিব মো. তৈমুর হোসেন উপস্থিত ছিলেন।

.....
আতিক/আরিফ/আলীম/রাফিদ/২০২৪/১৬.২০ঘ.